



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের

কার্যালয়, বগুড়া

দোকান ও প্রতিষ্ঠান শাখা

<https://dife.bogra.gov.bd/>

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ


টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ইন্ডিকটর ৮.৮.১ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মাসুদ রানা উপমহাপরিদর্শক
সভার তারিখ	০২/০৪/২০২৪ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	উপমহাপরিদর্শকের কক্ষ, বগুড়া।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়নে সভার গুরুত্ব আলোচনা করেন। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ইন্ডিকটর ৮.৮.১ লিঙ্গ ও অভিবাসনগত অবস্থা ভেদে, পেশাগত কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমিয়ে আনতে সকলের সক্রিয় কার্যক্রম প্রত্যাশা করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রমিক নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
১	২	৩	৪
১	গত সভার কার্য বিবরণী দৃষ্টিকরণ	গত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। পরিদর্শকগণকে সেফটি সংশ্লিষ্ট ধারা বিধি আবশ্যিকভাবে বাস্তবায়নের নির্দেশ প্রদান করা হয়।	-
২	বিশেষ পরিদর্শন	অতি ঝুঁকিপূর্ণ কারখানা সমূহ নিয়মিত পরিদর্শনের পাশাপাশি বিশেষ পরিদর্শন করতে হবে। কর্মকালীন সময়ে প্রতিষ্ঠান/কারখানার বহির্গমনের পথ খোলা রাখা হয় কিনা তা গুরুত্বের সহিত লক্ষ্য করতে হবে। জুট মিল, বয়লার সমৃদ্ধ কারখানা, প্লাস্টিক কারখানা, গ্যাস সিলিন্ডার ব্যবহার হয় এমন প্রতিষ্ঠান ও কারখানা, সিরামিক কারখানা পরিদর্শন করে সেফটি সংশ্লিষ্ট বিষয় সমূহ গুরুত্বের সাথে লক্ষ্য করতে হবে। প্রয়োজনে বিধিবদ্ধ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল পরিদর্শক।
৩	উদ্বুদ্ধকরণ সভা	কারখানা/প্রতিষ্ঠানে দুর্ঘটনার হার কমিয়ে আনার লক্ষ্যে শ্রমিক ও মালিকগণের সহিত উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করতে হবে। গত ২৭/০২/২০২৪ তারিখের ৪০.০১.০০০০.১০২.৯৯.০০৫.১৯.১৭ স্মারক নম্বরে মহাপরিদর্শক মহোদয়ের পত্রের নির্দেশনা মোতাবেক Accident reporting system-এ দুর্ঘটনার রিপোর্ট প্রদানে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অত্র দপ্তরের সকল পরিদর্শক
৪	ওয়েবসাইট হালনাগাদ করণ	বগুড়া জেলা কার্যালয়ের ওয়েবসাইট/এসডিজি কর্নারে, এসডিজি বিষয়ক কার্যক্রম নিয়মিত আপডেট করতে হবে এবং প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে।	মোহাম্মদ আলী, শ্রম পরিদর্শক (সাধারণ)
৫	সেইফটি কমিটি	প্রয়োজ্য সকল কারখানায় সেইফটি কমিটি গঠন নিশ্চিত করতে হবে এবং যে সকল কারখানায় ইতোমধ্যে সেইফটি কমিটি গঠন করা হয়েছে সে সকল কমিটি বিধি মোতাবেক কার্যক্রম করছে কিনা তা পরিদর্শনকালে মনিটরিং করতে হবে। সেফটি কমিটি লিমাতে ইনপুট দেওয়া নিশ্চিত করতে হবে।	সহকারী মহাপরিদর্শক (সাধারণ) সংশ্লিষ্ট বিষয়টি তদারকি করবেন

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০২-০৪-২০২৪

মোঃ মাসুদ রানা

উপমহাপরিদর্শক

০৫১-৬৬৩৮৭

digbogra@gmail.com


১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ০২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.১০০০.০০০.৪৫.০০১.২৩.৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ২। সহকারী মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া;
- ৩। শ্রম পরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া;
- ৪। শ্রম পরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া;
- ৫। শ্রম পরিদর্শক (রুটিন দায়িত্ব), সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া;
- ৬। শ্রম পরিদর্শক, দোকান ও প্রতিষ্ঠান শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া;
- ৭। শ্রম পরিদর্শক (রুটিন দায়িত্ব), দোকান ও প্রতিষ্ঠান শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া;
- ৮। শ্রম পরিদর্শক (রুটিন দায়িত্ব), দোকান ও প্রতিষ্ঠান শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া এবং
- ৯। শ্রম পরিদর্শক, দোকান ও প্রতিষ্ঠান শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, বগুড়া।



০২-০৪-২০২৪

মোঃ মাসুদ রানা

উপমহাপরিদর্শক